প্রাথমিক ইংরেজি (প্রথম – অষ্টম)

দাগ-কাটা ও শুরুর দিকের লেখা

Mark-making and early writing

ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

TESS-ইন্ডিয়া) টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট(-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) / OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: । এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

সংস্করণ 2.0   EE04v1

West Bengal

তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রী একটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

এই ইউনিটের বিষয়বস্তু

এই অধ্যায়ে ছোট শিশুদের শুরুর দিকের লেখাগুলি পরীক্ষা করে দেখা হবে। শিশুরা যখন কাগজের উপর দাগ কাটতে শুরু করে, তার অর্থ হচ্ছে শিশুরা যোগাযোগের একটি মাধ্যম হিসেবে লেখাকে অন্বেষণ করতে ও বুঝতে শুরু করেছে। এই অধ্যায়ে, আপনি আপনার শিক্ষার্থীদের ইংরেজিতে লিখতে সাহায্যের উপায়গুলির উপর মনোযোগ দেবেন। দয়া করে মনে রাখবেন যে, এই অধ্যায়ের অ্যাক্টিভিটি ও সম্পদগুলি যে কোন ভাষাতে শুরুর দিকে লেখার উন্নতির একেবারে উপযুক্ত।

এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- শুরুর দিকে লেখার উন্নতি কি করে করা যায় সেই বিষয় বা সূচকগুলিকে সনাক্ত করতে।
- লেখার সম্পদগুলিকে সংগঠিত করতে।
- আপনার শ্রেণিকক্ষে ব্যবহারের জন্য লেখার সক্রিয়তাভিত্তিক কর্মপদ্ধতির পরিকল্পনা করতে।

1 ক্রমোন্নত লেখার কাজ কী?

লেখা শুরুর প্রক্রিয়ার কথা মাথায় রেখে আরম্ভ করা যেতে পারে।

অ্যাক্টিভিটি 1: লেখার কাজের সূচনাপর্ব বলতে কী বোঝ?

চিত্র 1 দেখুন, যেখানে চার বছরের একটি মেয়ের 'লেখা' দেখানো হয়েছে। সে তার প্রাক-বিদ্যালয় শিক্ষককে আত্মবিশ্বাসের সঙ্গে বলেছিল যে, সে সংখ্যা ও বর্ণগুলি লিখছে। একটি লেখা হিসেবে আপনি একে কীভাবে মূল্যায়ন করবেন, না কি আপনি এটিকে শুধুই হিজিবিজি বলে মনে করেন? এই লেখাটি সম্বন্ধে আপনার বিদ্যালয়ের অন্যান্য শিক্ষক/শিক্ষিকার সঙ্গে কথা বলুন। এ ব্যাপারে তাঁদের প্রতিক্রিয়া কী?



চিত্র 1 একটি চার বছরের মেয়ের 'লেখা'।

গোড়ার দিকে ক্রমোন্নত লেখা, কাগজের উপর হিজিবিজির কাটার থেকে সামান্য কিছু বেশি বা একগুচ্ছ সম্পর্কহীন সংকেত বা আকৃতি বলে মনে হতে পারে। কিন্তু যে মেয়েটি এটি লিখেছিল, সে লেখা সম্বন্ধে তার জ্ঞান ও সচেতনতার পরিচয় দিয়েছে।

সে জানে যে:

- কাগজের উপর দাগ কেটে সংখ্যা ও বর্ণ লেখা যায়
- লেখা তথ্য প্রদান করে
- পড়ার জন্য লেখা হয়।

খুব ছোট শিশুরা যখন বাড়িতে, বিদ্যালয়ে বা সমাজে লেখা দেখে, তখন তারা এটি বুঝতে শুরু করে যে, লেখার একাধিক অর্থ ও উদ্দেশ্য থাকে। তারা লিখতে চায়, তারা যা দেখে তা নকল করতে চায় এবং নকল না করেও নিজেদের মতো করে দাগ দেয়। যখন তারা এটা করে তারা লিখতে শুরু করে, কাগজের মাধ্যমে তাদের চিন্তার প্রকাশ ঘটাতে শুরু করে । শিশু শিক্ষার্থীরা যখন ইংরেজিতে লেখা শুরু করে, তখন তাদের একসঙ্গে পাঁচটি বিষয়ের উপর মনোযোগ দিতে হয়:

- আঙ্গুল নিয়ন্ত্রণ
- বর্ণ তৈরি
- ইংরেজির বর্ণ, ধ্বনি ও আকৃতি
- ইংরেজি শব্দের মানে
- তারা লেখার মাধ্যমে যা জানাতে চায়।

চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনি যখন কোন শিক্ষার্থীকে একটি লেখার কাজ করতে দেন, তখন আপনি উপরের পাঁচটি বিষয়ের কোনটির বা কোনগুলির উপর আপনার দৃষ্টিনিবদ্ধ করেন? এগুলির মধ্যে এমন কোন বিষয় আছে কী, যেগুলি অন্যদের থেকে বেশি গুরুত্বপূর্ণ বলে আপনার মনে হয়?
- শিক্ষার্থীরা এগুলির মধ্যে কোন বিষয়গুলিকে সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ মনে করে বলে আপনার মনে হয়?

2 শিক্ষার্থীদের লেখা

অ্যাক্টিভিটি 2: শিক্ষার্থীরা কোথায় লিখতে পারে?

চিত্র 2 দেখুন। আপনার শ্রেণিকক্ষে এবং বিদ্যালয়ে আপনার শিক্ষার্থীদের নিয়ে কোন ধরনের অ্যাক্টিভিটি করা সম্ভবপর হবে? সম্ভব হলে আপনার একজন সহকর্মী শিক্ষকের সঙ্গে এ ব্যাপারে আলোচনা করুন। আপনার শ্রেণিকক্ষের ভেতরের এবং বাইরের স্থান সম্পর্কে ভাবুন যেখানে আপনার শিক্ষার্থীরা লেখার অভ্যাস করতে পারে।

চিত্র 2 শিক্ষার্থীরা যেখানে লিখতে পারে তার কয়েকটি উদাহরণ: বালির মধ্যে আঙ্গুল চালিয়ে; বালির বাইরে কাঠি দিয়ে; ফুটপাতের উপর চক দিয়ে; দেওয়ালের উপর রং দিয়ে; পুনর্ব্যবহৃত কাগজে কলম দিয়ে; এবং বোর্ডের উপর চক দিয়ে।

এইবার নিচের যাচাই তালিকাটি দেখুন:

- **কি দিয়ে লিখবে?** পেন্সিল, কলম, রং, চক, তুলি, কাঠি।
- **কিসের উপর লিখবে?** বালি, ফুটপাত, চার্ট পেপার, পুনর্ব্যবহৃত কাগজ, বোর্ড, দেওয়াল, মেঝে, ধুলো, খাতা, পুনর্ব্যবহৃত কাগজ দিয়ে তৈরি ছোট খাতা।

সম্ভব হলে, আপনার একজন সহকর্মী শিক্ষকের সঙ্গে এই যাচাই-তালিকাটির বিষয়ে আলোচনা করুন। আপনার বিদ্যালয়ে কী কী সম্পদ পাওয়া যাবে?

শ্রেণিকক্ষের ভিতরে ও বাইরে আপনাদের কাছে লেখার যে সমস্ত সম্পদ রয়েছে সেগুলি দিয়ে শিক্ষার্থীদের অভ্যাস করতে উৎসাহিত করার ব্যাপারে ভাবুন। আপনার শ্রেণিকক্ষের ভিতরে বা বাইরে এমন কোন স্থান আছে কি যেখানে শিক্ষার্থীরা দাগ কাটতে পারে এবং লিখতে পারে?

পরের দুই বা তিন সপ্তাহের জন্য আপনার শ্রেণিতে কয়েকটি পাঠ বা পর্বের পরিকল্পনা করুন, যাতে এখানে উল্লেখিত ধারণাগুলির একটি বা তার বেশিকে আপনি ব্যবহার করতে পারেন। আপনার পরিকল্পনাটি নিয়ে আপনার সহকর্মী শিক্ষকের সঙ্গে অথবা প্রধান শিক্ষকের সঙ্গে আলোচনা করুন। আপনি এমন পাঠ পরিচালনা করতে পারেন, যেখানে একটা সপ্তাহ জুড়ে আপনার শিক্ষার্থীদের এক একটি দল পর্যায়ক্রমে স্বাধীন লেখা লিখবে।

অ্যাক্টিভিটি 3: বিভিন্ন উদ্দেশ্যের জন্য লেখা

আপনি কি আপনার শিক্ষার্থীদের আপনার শ্রেণিকক্ষে নিচের যে কোন একটি বিষয়ের উপর লিখতে দিয়েছেন? নিচের যে বিষয়টির উপর আপনি লিখিয়েছেন তার উপর টিক চিহ্ন দিন:

- তালিকা

- শুভেচ্ছা কার্ড
- জন্মদিনের কার্ড
- পোস্টকার্ড
- চিঠি
- আমন্ত্রণপত্র
- ধন্যবাদমূলক উক্তি
- খাদ্যতালিকা
- বিজ্ঞাপন
- রান্নার প্রণালী
- সংকেত
- মন্তব্য
- অনুস্মারক / কোন কিছু মনে করিয়ে দেওয়ার জন্য লেখা।
- লেবেল
- টিকিট
- তালিকা
- কর্মসূচী
- ই-মেল
- লিখিত বার্তা
- মাল্টিমিডিয়া উপস্থাপন, যেমন পোস্টার।

গল্প বা কবিতা লেখা থেকে এই লেখা গুলি আলাদা কীভাবে? এগুলি কেন ও কাদের জন্য লেখা হয়? এগুলিকে আমরা কোথায় দেখতে পাই?

আপনি কি মনে করেন যে, উপরের কোনওটি আপনার শিক্ষার্থীরা লিখতে পছন্দ করবে? কেন বা কেন নয়? আপনি পাঠ্যবইগুলিতে এই ধরনের লেখার ব্যাপারে উল্লেখ করতে দেখেছেন?

3 পোস্টকার্ড লেখা

বিদ্যালয়ের বাইরে এমন অনেক ধরনের লেখা থাকে যা লোকেরা বিভিন্ন কারণে পড়েন। লেখার মধ্যে অনেক সময় চিত্র ও নকশাও থাকে যা বার্তাটিকে আরও চিত্তাকর্ষক, নাটকীয় ও স্পষ্ট করে তোলে। শিক্ষার্থীরা সেই সমস্ত বিষয়ে লেখার অ্যাক্টিভিটিগুলি করতে পছন্দ করে, যে বিষয়গুলি তাদের দৈনন্দিন জীবনের সঙ্গে সম্পর্কযুক্ত।

কিন্তু প্রায়শ:ই শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে এমন সব লেখার কাজ করে যেগুলি একমাত্র তাদের শিক্ষক ছাড়া আর কাউকেই পড়তে দেখা যায় না। কেস স্টাডি 1-এ শিক্ষক তাঁর শিক্ষার্থীদের এমন একটি লেখা লিখতে দিলেন যা বিদ্যালয়ের বাইরেও লোকেরা পড়ে।

কেস স্টাডি 1: মোনালিসা দিদিমনির পোস্টকার্ড ক্লাস

মোনালিসা দিদিমনি একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় শ্রেণিতে পড়ান।

একদিন একজন শিক্ষার্থী আমাকে জিজ্ঞেস করল, ‘একটা চিঠি কীভাবে বুঝতে পারে তাকে আমার কাছেই এসে পৌঁছাতে হবে?’ আমি গোটা শ্রেণিকক্ষের নিকট থেকে জানতে চেয়েছিলাম. তাদের মধ্যে এমন কে কে আছে যারা সত্যিকারের একটি চিঠি লিখছে বা পেয়েছে বা পোস্ট অফিস থেকে পোস্টকার্ড পেয়েছে। কেউই হাত তোলেনি। আমি আমার বাড়িতে থাকা কিছু পোস্টকার্ড নিয়ে এসেছিলাম, সেগুলি আসলে কেমন দেখতে হয়, কোথায় ঠিকানা লিখতে হয় এবং কোথায় চিঠির বার্তা লেখা হয় এবং কোথায়ই বা ডাক-টিকিট লাগানো হয় এইসব আমার শিক্ষার্থীদের দেখানোর জন্য।

আমি শক্ত কার্ড দিয়ে আমার শিক্ষার্থীদের দিয়ে পোস্টকার্ড তৈরি করিয়েছিলাম। শিক্ষার্থীরা তার একদিকে নিজেদের ছবি এঁকেছিল, তাদের বাড়ির ঠিকানা লিখেছিল এবং অপর দিকে ইংরেজিতে খুব ছোট করে একটি বার্তা লিখেছিল। আমি দেখেছিলাম কিছু কিছু শিক্ষার্থী স্বাধীনভাবেই লিখেছিল এবং কিছু কিছু শিক্ষার্থীদের আবার অনেক বেশি সাহায্যের দরকার হয়েছিল।

আমি আমাদের প্রধান শিক্ষকের নিকট থেকে টাকা নিয়ে সবকটি পোস্টকার্ডের জন্য ডাকটিকিট কিনেছিলাম এবং গোটা শ্রেণিকক্ষ আমার সঙ্গে পোস্ট অফিসে গিয়ে তাদের প্রত্যেকের চিঠিগুলি পোস্ট করে এসেছিল। আমার এক মামাতো ভাই, যে পোস্ট অফিসে চাকরী করে, সে শিক্ষার্থীদেরকে পিওনের সঙ্গে কথা বলার বন্দোবস্ত করে দিয়েছিল, যাতে তারা তাঁর কাজ সম্বন্ধে এবং কীভাবে ডাক সরবরাহ করা হয় তা জানতে পারে। এক সপ্তাহ পরে শিক্ষার্থীরা যখন তাদের বাড়িতে নিজেদের পোস্ট করা চিঠি পায় তখন ভীষণ আনন্দিত হয়েছিল এবং সেগুলিকে আমাকে দেখানোর জন্যও নিয়ে এসেছিল।

আমি এই অ্যাক্টিভিটি গ্রহণ করেছি। উদাহরণস্বরূপ, আমি শিক্ষার্থীদের দিয়ে জন্মদিনের বা অন্য কোন অনুষ্ঠানের কার্ড তৈরি করিয়েছি। কোনও কোনও সময় আমরা সবাই একসঙ্গে একটি বড় মাপের কার্ড তৈরি করি যেটার উপর সবাই তাদের নাম সই করে।

চিন্তার জন্য সাময়িক বিরতি

- এই পোস্টকার্ড অ্যাক্টিভিটি কি সক্ষমতার মাত্রা ব্যতিরেকে সমস্ত শিক্ষার্থীদের জন্য উপযুক্ত? কেন বা কেন নয়?
- আপনার শিক্ষার্থীরা কি চিঠি লেখার বা অন্য কোন কার্ড লেখার সুযোগ পায় যা বাস্তবে বিদ্যালয়ের বাইরের লোকেরাও পড়ে?

অ্যাক্টিভিটি 4: একটি পোস্টকার্ড পাঠান

কেস স্টাডি 1-কে সহায়ক হিসেবে ব্যবহার করে একটি অ্যাক্টিভিটি পরিকল্পনা করুন, যেখানে আপনার শিক্ষার্থীরা বিদ্যালয়ের বাইরে কাউকে একটি পোস্টকার্ড বা একটি ছোট চিঠি লিখবে। ভবিষ্যৎ পরিকল্পনার মূল্য সম্পর্কে আরও জানতে সম্পদ 1, ‘পাঠ্য পরিকল্পনা করা’, দেখুন।

- আপনার প্রয়োজনীয় সম্পদগুলি এবং বিদ্যালয়ের বাইরের কোন ব্যক্তির সাহায্যের দরকার হলে সেগুলির ব্যবস্থা করুন।
- আপনি কীভাবে এই অ্যাক্টিভিটি আপনার শিক্ষার্থীদের কাছে উপস্থাপিত করবেন?
- আপনার বিদ্যালয়টি যদি পোস্ট অফিসের কাছাকাছি না হয় সেক্ষেত্রে এই অ্যাক্টিভিটি কীভাবে সঙ্গতিপূর্ণ করে তুলবেন?
- আপনি যদি এই অ্যাক্টিভিটি একেবারে ছোট ছোট শিক্ষার্থীদের সঙ্গে করেন, তাহলে তাদের দাগ কাটা ও লেখার প্রতি আগ্রহ দেখান। তাদের লেখা পোস্টকার্ডগুলি কী বলছে তা বলার জন্য তাদের আহ্বান করুন।
- আপনার শিক্ষার্থীরা কি এই অ্যাক্টিভিটি উপভোগ করেছিল? ওরা কি সকলেই উৎসাহিত হয়েছিল? ওরা সকলেই কি অংশগ্রহণ করেছিল?

4 লেখার অভ্যাস করা

ছোট ছোট শিক্ষার্থীরা যখন লেখা শুরু করে, তখন আপনি তাদের লেখার মধ্যে বর্ণ, সংখ্যা, আকার এবং আকৃতির একটি সংমিশ্রণ দেখতে পেতে পারেন। বর্ণ ও সংখ্যাগুলি সঠিকভাবে না-ও থাকতে পারে, কিন্তু এটি অগ্রগতির পর্যায় এবং সাধারণত: সময়ের সাথে সাথে নিজে থেকেই ঠিক হয়ে যায়। কোন কোন শিক্ষার্থীদের মধ্যে এই অগ্রগতি হচ্ছে না, তা লক্ষ্য রাখুন ও নথিবদ্ধ করুন। এটি বিকাশজনিত জটিলতাকে ইঙ্গিত করতে পারে।

ভাল লেখক হয়ে ওঠার জন্য আপনার শিক্ষার্থীদের প্রচুর পরিমাণে অনুশীলন করা দরকার। কেস স্টাডি 2-এ শিক্ষক এটি অর্জন করার জন্য একাধিক লেখার কাজ রেখেছেন।

কেস স্টাডি 2: চন্দা দিদিমনির লেখার কাজ

চন্দা দিদিমনি একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতীয় শ্রেণিতে পড়ান।

আমি একটি গ্রামের বিদ্যালয়ে পড়াই যেখানে শিক্ষার্থীদের বাড়িতে লেখার জন্য খুব কমই কাজ থাকে। আমি আমার শিক্ষার্থীদের প্রতিদিন কিছু লেখার অনুশীলনের কাজ দিই। কোন কোন সময় আমি আঙ্গুলের নিয়ন্ত্রণ গড়ে তোলার জন্য একটি যান্ত্রিক অ্যাক্টিভিটি হিসেবে যা করতে দিই তা হল ‘এস’ (‘s’) বর্ণটি দিয়ে পাঠ্যবইয়ে যতগুলি শব্দ আছে সেগুলিকে তাদের খাতায় টুকে নেওয়া। কোনও কোনও সময় আবার আমি লেখা আর আঁকা মিলিয়ে-মিশিয়ে কাজ দিই, যেমন একটি উৎসবের কার্ড বা একটি পোস্টকার্ড তৈরি করা।

আমি আমার শিক্ষার্থীদের প্রতিদিন তাদের নাম এবং তারিখ লিখতে বলি। প্রতি সপ্তাহে আমি তাদের এমন কিছু লিখতে বলি যা তারা বাস্তব জগতে দেখে, যেমন একটি তালিকা, একটি টিকিট বা একটি সংকেত। সেই সঙ্গে অবশ্যই তাদের পাঠ্যবইয়ের পাঠ থেকে গল্প এবং কবিতাও লিখতে দিই। আমাকে শ্রেণিকক্ষে করতে হবে এমন বিষয় সম্পর্কে মনে করিয়ে দেওয়ার জন্য তালিকা, লেবেল আমি নিজে লিখে দেখাই। তাদের জন্য এটি উপলব্ধি করা বিশেষ গুরুত্বপূর্ণ যে, লেখা আসলে কোন কিছু জানানোর জন্য এবং মনে রাখার জন্য করা একটি কাজ।

আমি তাদের খুব একটা সংশোধন করে দিই না। আমি আমার নিজের অভিজ্ঞতা থেকে এটা দেখেছি যে, ভুল করার ব্যাপারে শিক্ষার্থীরা এতটাই চিন্তিত হয়ে পড়তে পারে যে তারা তাদের কলম দিয়ে খাতায় আঁচড় কাটতেই চায় না, এবং ফলত: তাদের মধ্যে লেখা সম্বন্ধে নেতিবাচক মনোভাব তৈরি হয়ে যায়।

চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনি কি চন্দার শ্রেণিকক্ষে লেখার কাজ গুলিকে সনাক্ত করতে পারেন?
- কোন কাজগুলি হাতের লেখার দক্ষতা অভ্যাসের জন্য বেশি ‘যান্ত্রিক’ এবং কোনগুলি লেখার আগ্রহকে উসকে দেবার জন্য অনেক বেশি ‘মুক্ত’?
- আপনার কি মনে হয় যে, ‘বাস্তব জগৎ’ সম্পর্কে লেখাটা শিক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ একটি বিষয়?
- আপনার শিক্ষার্থীরা আপনাকে কোন ধরনের লেখা লিখতে দেখে?

ভিডিও: অগ্রগতি ও কার্যকারীতা মূল্যায়ন

অ্যাক্টিভিটি 5: বহু-সংজ্ঞাবহ হাতের লেখা অনুশীলন

লেখার দক্ষতা বিকাশের জন্য নির্দিষ্ট পরিমাণ হাতের লেখার অভ্যাস করা দরকার। এখানে প্রদত্ত ‘কাগজবিহীন’ অ্যাক্টিভিটি দুটি পড়ুন এবং এর মধ্যে একটিকে আপনার শ্রেণিকক্ষে চেষ্টা করে দেখুন। (এটিকে প্রথমে আপনার কোন সহকর্মীর সঙ্গে করে দেখুন।)

এই অ্যাক্টিভিটি কি আপনাকে আপনার শ্রেণিকক্ষের বিভিন্ন বয়সের ও দক্ষতার বিভিন্ন স্তরের শিক্ষার্থীদের জন্য উপযোগী করতে হবে? আপনি এটি কীভাবে করবেন?

‘শূন্যে লেখা’

এই খেলাটির জন্য বোর্ডে বা চার্ট পেপারে লেখা বর্ণমালা বা শব্দের তালিকা প্রয়োজন। শিক্ষার্থীরা ছোট ছোট দলে বা গোটা শ্রেণিকক্ষ একসঙ্গে কাজ করতে পারে।

- একজন শিক্ষার্থী একটি বর্ণ বা শব্দ বেছে নেবে কিন্তু সেটি গোপন রাখবে।
- এইবার ওই শিক্ষার্থী অন্যদের দিকে পিছন ফিরে (এটি গুরুত্বপূর্ণ) তার বেছে নেওয়া বর্ণ বা শব্দটিকে নিজের হাত এবং বড় / বৃহৎঅঙ্গভঙ্গি করে শুন্যে লিখবে যাতে করে সবাই তা দেখতে পায় - ঠিক শিক্ষক যেভাবে বোর্ডে কোন কিছু লেখেন।
- অন্য শিক্ষার্থীরা তার লেখা বর্ণটি বা শব্দটি অনুমান করতে চেষ্টা করবে - তারা কি ঠিক অনুমান করল?
- তারা প্রত্যেকেই একসঙ্গে বড় / বৃহৎঅঙ্গভঙ্গি করে সেই বর্ণ বা শব্দটি ‘শুন্যে লিখবে’ এবং শুন্যে লেখার সাথে সাথে তারা প্রতিটি বর্ণের নামও মুখে উচ্চারণ করবে।

‘পিছনে লেখা’

এই খেলাটির জন্য বোর্ডে বা চার্ট পেপারে লেখা বর্ণমালা বা শব্দের তালিকার প্রয়োজন। শিক্ষার্থীরা একটি করে বর্ণমালা বা শব্দতালিকা লেখা ছোট বোর্ড বা কাগজ নিয়ে জোড়ায়-জোড়ায় বসবে।

- একজন শিক্ষার্থী একটি বর্ণ বা শব্দ বেছে নেবে এবং তা গোপন রাখবে।
- তার আঙ্গুল দিয়ে সে দ্বিতীয় জনের পিঠে ওই বর্ণ বা শব্দটিকে লিখবে।
- দ্বিতীয় জন এইবার সেই বর্ণ বা শব্দটিকে বোর্ড বা কাগজের উপর লিখবে - দ্বিতীয় শিক্ষার্থী কি সঠিক লিখল?
- এই অ্যাক্টিভিটিই একজন শিক্ষার্থী দ্বিতীয় জনের হাতের তালুতে একটি বর্ণ বা শব্দ 'লিখেও' করতে পারে।

আপনার শ্রেণিকক্ষে আপনার বেছে নেওয়া অ্যাক্টিভিটিটি কীভাবে করতে হবে তা হাতে-কলমে করে দেখিয়ে দিন।

যখন আপনি শিক্ষার্থীদের উপর নজর রাখবেন, তখন লক্ষ্য করুন কীভাবে অ্যাক্টিভিটিটি তাদের শরীরের সঙ্গে সঙ্গে মনকেও যুক্ত করছে। বিভিন্ন ইন্দ্রিয়কে যুক্ত করে এমন অ্যাক্টিভিটিগুলি ছোট ছোট শিক্ষার্থীদের তারা যা শিখছে তা মনে রাখতে সাহায্য করে।

একজন শিক্ষক হিসেবে বিভিন্ন ইন্দ্রিয়কে সংযুক্ত করা অ্যাক্টিভিটির অসুবিধাগুলি কী কী বলে আপনার ধারনা ?

5 সারসংক্ষেপ

এই অধ্যায়ে আপনার কম বয়সী শিক্ষার্থীদের একাধিক সরঞ্জাম সহযোগে, নানা স্থানে ও নানা উদ্দেশ্যে ঘন ঘন লেখার অভ্যাস করার সুযোগ দেওয়ার গুরুত্বের উপর জোর দেওয়া হয়েছে। লেখার কাজটি শুরুর দিকের আঁকিবুঁকি কাটা থেকে শুরু করে দীর্ঘ লেখা পর্যন্ত একটি ক্রমবিকাশমান প্রক্রিয়া। এতে শারীরিক অধ্যবসায়ের সাথে সাথে ভাষাজ্ঞানেরও প্রয়োজন হয়।

একজন শিক্ষার্থীর শুরুর দিকের লেখা সে যেন উপভোগ করে এবং অন্যদের তাকে সম্মান করতে হবে এবং বুঝতে হবে। এটি যেন শুধু ভুল খোঁজার ও তা সংশোধন করে দেওয়ার বিষয় না হয়ে দাঁড়ায়। ছোট ছোট শিক্ষার্থীরা যে বিষয়ে লেখে তা, এবং লেখার প্রতি তাদের আগ্রহ, লেখার যান্ত্রিক পদ্ধতি-প্রকরণের (বানান, হাতের লেখা, ছেদ-যতি এবং ফাঁক দেওয়া) থেকে অনেক বেশি গুরুত্বপূর্ণ বিষয়।

আপনি হয়ত এমন একটি বিদ্যালয়ে পড়াচ্ছেন যেখানে শিক্ষার্থীদের বাড়িতে বা সমাজে লেখার চল খুব সামান্য রয়েছে বা নেই। আপনিই হয়ত আপনার শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজি লেখার মূল উৎস / সহায়তাকারী। অতএব, আপনার শ্রেণিকক্ষকে একটি 'মুদ্রণ-সমৃদ্ধ পরিবেশ' হিসেবে গড়ে তোলা একটি গুরুত্বপূর্ণ বিষয়। এই বিষয়বস্তু সম্বন্ধে একটি পৃথক শিক্ষক বিকাশ অধ্যায় রয়েছে:

এই বিষয়ে অন্যান্য প্রাথমিক ইংরেজি শিক্ষক উন্নয়ন ইউনিটগুলি হল:

- *শিখন সহায়ক*
- *শিখনের উন্নতি এবং নিরীক্ষণ করা*

সম্পদসমূহ

সম্পদ 1: পাঠ পরিকল্পনা করা

পরিকল্পনা এবং প্রস্তুতকরণ কেন গুরুত্বপূর্ণ

ভাল পাঠ পূর্ব পরিকল্পিত হতে হবে। পরিকল্পনা আপনার পাঠকে স্পষ্ট এবং সু-সময়যুক্ত / সময়োপযোগী করতে সহায়তা করে, ফলে শিক্ষার্থীরা সক্রিয় এবং আগ্রহী হতে পারে। কার্যকর পরিকল্পনায় কয়েকটি অন্তর্গঠিত প্রসারণীয়তা বা নমনীয়তা অন্তর্ভুক্ত থাকে যাতে শিক্ষকরা তাঁদের শিক্ষণে শিক্ষার্থীরা কি শিখছে, কীভাবে শিখছে তা দেখে, বুঝে তাৎক্ষণিকভাবে প্রতিক্রিয়া করতে

পারেন। ধারাবাহিক কয়েকটি পাঠের পরিকল্পনা করার সময়, শিক্ষার্থীকে এবং তার পূর্বজ্ঞানকে জানতে হবে, কি করে পাঠক্রমের মধ্য দিয়ে এগোতে হবে তা জানতে হবে এবং সর্বোত্তম সম্পদ এবং কার্যকলাপের সন্ধান করতে হবে যা শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়ায় সহায়তা করবে।

পরিকল্পনা হল একটি চলমান প্রক্রিয়া (continual process) যা আপনাকে স্বতন্ত্র পাঠ (individual lesson) পরিকল্পনার পাশাপাশি পাঠগুলির একটি ক্রম (series of lessons) হিসাবে প্রস্তুত করতে সহায়তা করে এবং যাতে প্রত্যেকটি পাঠ পূর্ববর্তী পাঠের উপর ভিত্তি করে প্রস্তুত হয়।। পাঠ পরিকল্পনার পর্যায়গুলি হল:

- শিক্ষার্থীদের প্রগতির জন্য আপনার শিক্ষার্থীদের কী কী প্রয়োজন সে সম্পর্কে স্পষ্ট হওয়া
- কীভাবে শিক্ষাদান করলে শিক্ষার্থীরা বুঝতে পারবে এবং পঠন-পাঠন চলাকালীন আপনি যা দেখতে পাবেন, তার প্রতিক্রিয়া জানাতে, আপনি কীভাবে নমনীয় হবেন, তা স্থির করা (how to maintain flexibility to respond to what you find)।
- আপনার শিক্ষার্থীরা কী শিখেছিল এবং আপনার পাঠ কত ভালভাবে চলেছিল তা পর্যালোচনা করা ভবিষ্যত পাঠ পরিকল্পনার জন্য (looking back on how well the lesson went and what your students have learnt in order to plan for the future)।

পাঠগুলির একটি ক্রম পরিকল্পনা

ক্রম পাঠ পরিকল্পনার প্রথম কাজ হল যে যখন কোন পাঠ্যক্রম আপনি অনুসরণ করছেন তার বিষয় ও প্রসঙ্গগুলিকে/ এককগুলিকে কত ভাল উপএকক/উপবিভাগ বা খণ্ডে বিভাজিত করা যায় তা দেখা। আপনার উপলভ্য সময় বিবেচনা করতে হবে পাশাপাশি শিক্ষার্থীদের প্রগতির জন্য উপায়গুলি ভাবতে হবে এবং ধীরে ধীরে দক্ষতা এবং জ্ঞান বাড়াতে হবে। আপনার অভিজ্ঞতা বা সহকর্মীদের সাথে আলোচনায় আপনি জানতে পারেন যে একটি এককে চারটি পাঠ নিতে হলেও অন্য এককে দুটি নিতে হতে পারে। ভবিষ্যতের পাঠগুলির জন্য যখন অন্যান্য প্রসঙ্গ আলোচনা হবে অথবা কোনো বিষয়ের আলোচনা সম্প্রসারিত হবে তখন আপনাকে পুরানো কোনো শিখনে ফেরত যাওয়া যায় সেই সম্পর্কে সচেতন থাকতে হবে।

সমস্ত পাঠের পরিকল্পনায় আপনাকে নিম্নলিখিতগুলি সম্পর্কে স্পষ্ট হতে হবে:

- আপনি শিক্ষার্থীদের কী শিখতে দিতে চান
- আপনি সেই শিখন কী ভাবে শুরু করাবেন
- শিক্ষার্থীদের কী করতে হবে এবং কেন করতে হবে

শিক্ষার্থীরা যাতে স্বস্তি অনুভব করে এবং কৌতুহলী হয় তার জন্য আপনি শিক্ষার্থীদের শিখনকে সক্রিয় ও মনোগ্রাহী করতে চাইবেন। পাঠগুলি জুড়ে শিক্ষার্থীদের কী জিজ্ঞাসা করা হবে তা বিবেচনা করুন এতে আপনি বৈচিত্র্য এবং আগ্রহ গঠন করতে পারবেন তবে নমনীয়তাও থাকতে পারে। পরপর পাঠগুলির উপস্থাপনের মাধ্যমে শিক্ষার্থীদের প্রগতির সাথে সাথে তাদের বোধ (understanding) কী ভাবে মূল্যায়ন করবেন তা পরিকল্পনা করুন। কয়েকটি ক্ষেত্রে বেশী সময় নেয় কিনা বা দ্রুত শেখা হয় কিনা সে সম্পর্কে নমনীয় হতে প্রস্তুত থাকুন।

একক পাঠ পরিকল্পনা

আপনি পাঠগুলির একটি ক্রম পরিকল্পনা করার পর, **শিক্ষার্থীদের সে সময়ের প্রগতির** ভিত্তিতে প্রতিটি স্বতন্ত্র পাঠের পরিকল্পনা করতে হবে। আপনি জানেন পাঠগুলির ক্রমটির শেষে শিক্ষার্থীদের কী শেখা উচিত বা কী করতে পারা উচিত তবে আপনার কিছুটা অপ্রত্যাশিত বিষয় পুনরায় আলোচনা করতে বা আরও দ্রুত সামনে এগিয়ে যাওয়ার প্রয়োজন হতে

পারে। সুতরাং প্রতিটি পাঠ অবশ্যই পরিকল্পিত হতে হবে যাতে আমাদের সমস্ত শিক্ষার্থী উন্নতি করতে পারে এবং নিজেদের সফল এবং অন্তর্ভুক্ত বলে মনে করতে পারে।

পাঠ পরিকল্পনাটির মধ্যে আপনার নিশ্চিত করা উচিত যে প্রতিটি ক্রিয়াকলাপের জন্য আপনার কাছে পর্যাপ্ত সময় রয়েছে।ব্যবহারিক কাজ বা সক্রিয় দলের কাজ গুলির জন্য যে কোনও উৎস/উপাদান প্রস্তুত রয়েছে। বড় আকারের শ্রেণিগুলির জন্য পরিকল্পনার অংশ হিসাবে আপনাকে পৃথক দলগুলির জন্য পৃথক প্রশ্ন এবং ক্রিয়াকলাপগুলির পরিকল্পনা করা প্রয়োজন।

নতুন একক উপস্থাপন করার সময় অনুশীলন করার জন্য এবং ধারণাগুলি নিয়ে সহকর্মীদের সাথে কথা বলার জন্য সময় করা প্রয়োজন যাতে আপনি আত্মবিশ্বাসী হতে পারেন।

আপনার পাঠগুলি তিনটি অংশে প্রস্তুত করার কথা চিন্তা করুন। এই অংশগুলি নীচে আলোচিত হল।

1 ভূমিকা

পাঠের শুরু হিসাবে শিক্ষার্থীদের কাছে তারা কী শিখবে এবং কী করবে তা ব্যাখ্যা করুন, এতে প্রত্যেকে তাদের থেকে কী প্রত্যাশিত তা জানতে পারবে। শিক্ষার্থীরা কী শিখতে চলেছে সে বিষয়ে তাদের আগ্রহী করে তুলতে তারা যা জানে তা নিয়ে মত বিনিময় করে নিতে বলুন।

2 পাঠটির প্রধান অংশ

শিক্ষার্থীরা ইতিমধ্যে যা জানে তার ভিত্তিতে বিষয়বস্তুটির রূপরেখা তৈরি করুন। আপনি স্থানীয় উপাদানগুলি / উৎসগুলি, নতুন তথ্য, সক্রিয়তাভিত্তিক বিভিন্ন পদ্ধতি (যার মধ্যে দলগত কাজ, সমস্যা সমাধানের কাজ ইত্যাদি পড়ে) ব্যবহার করার সিদ্ধান্ত নিতে পারেন। ব্যবহার করার জন্য উৎসগুলি এবং আপনি যেভাবে আপনার শ্রেণিকক্ষের স্থান ব্যবহার করবেন তা' শনাক্ত করুন।

বিবিধ ক্রিয়াকলাপ, উৎস / সম্পদ এবং সময়কে ঠিকভাবে ব্যবহার করা পাঠের পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ। যদি আপনি বিভিন্ন পদ্ধতি এবং ক্রিয়াকলাপ ব্যবহার করেন তবে আপনি আরও বেশি শিক্ষার্থীর কাছে পৌঁছাতে পারেন কারণ তারা বিভিন্ন ভাবে শেখে।

3 পাঠের সমাপ্তি ও মূল্যায়ন

সবসময় কী পরিমাণ প্রগতি/অগ্রগতি হয়েছে তা যাচাই করার জন্য সময় দিন (হয় পাঠটি চলাকালীন বা এর শেষে)। যাচাই করার অর্থ সর্বদা পরীক্ষা নয়। সাধারণত এটি অতি দ্রুত শ্রেণিকক্ষে ঘটে – যেমন তাদেরকে পরিকল্পিত প্রশ্নগুলি জিজ্ঞেস করে বা তারা কী শিখেছে তা যখন উপস্থাপনা করে তখন তাদের পর্যবেক্ষণ করে। তবে আপনাকে নমনীয় হতে হবে এবং আপনি শিক্ষার্থীদের প্রতিক্রিয়াগুলি থেকে কী খুঁজে পান সেটি অনুসারে পরিবর্তন করতে হবে।

পাঠ শেষ করার একটি ভাল উপায় হল শুরুর উদ্দেশ্যগুলিতে ফেরা। শিক্ষার্থীরা একে অপরকে এবং শিক্ষককে তারা কি শিখেছে সে সম্বন্ধে যাতে জানাতে পারে তেমন সময় দিতে হবে। শিক্ষার্থীদের কাছ থেকে শোনা আপনাকে পরের পাঠের জন্য কি পরিকল্পনা করতে হবে সে সম্পর্কে নিশ্চিত করবে।

পাঠগুলি পর্যালোচনা

প্রতিটি পাঠ পুনঃ আলোকপাত করে আপনি যা করেছিলেন ও আপনার শিক্ষার্থীরা কী শিখেছিল, কোন উৎসগুলি ব্যবহার করেছিলেন এবং কতটা ভালভাবে হয়েছিল তার একটি নথি রাখুন। এতে আপনি পরবর্তী পাঠগুলির জন্য পরিকল্পনার উন্নতি বা সংযোগ সাধন করতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি এগুলির সিদ্ধান্ত নিতে পারেন:

- অ্যাক্টিভিটিগুলির পরিবর্তন বা ভিন্নভাবে প্রকাশ

- মুক্ত বা বদ্ধ প্রশ্নগুলির (open and closed questions) একটি তালিকা প্রস্তুতকরণ
- যে শিক্ষার্থীদের অতিরিক্ত সহায়তা প্রয়োজন তাদের জন্যে একটি ফলো-আপ সেশন রাখা।

শিক্ষার্থীদের আরও ভালভাবে শিখতে সহায়তা করতে আপনি কী পরিকল্পনা করতে পারতেন বা করেছেন সে সম্পর্কে চিন্তা করা।

আপনার পাঠ পরিকল্পনাগুলি প্রতিটি পাঠে যাওয়ার সাথে সাথে অবশ্যই পরিবর্তিত হবে কারণ আপনি যা যা ঘটবে তার সবকয়টির পূর্বানুমান পেতে পারেন না। সুপরিকল্পনার অর্থ হবে আপনি কি শিক্ষাদান করতে চান তা জানা এবং তাদের বর্তমান জ্ঞান জেনে তাদের প্রকৃত শিক্ষাদানের জন্য প্রস্তুত হওয়া।

অতিরিক্ত সম্পদসমূহ

- 'Cn u rd ths? A guide to invented spelling', GreatSchools: http://www.greatschools.org/students/academic-skills/384-invented-spelling.gs
- Teachers of India classroom resources: http://www.teachersofindia.org/en
- Textbooks of West Bengal Government

তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Dombey, H. and Moustafa, M. (1998) *Whole to Part Phonics: How Children Learn to Read and Spell*. London: Centre for Literacy in Primary Education.

Graham, J. and Kelly, A. (2010) *Writing under Control: Teaching Writing in the Primary School*, 3rd edn. London: Routledge.

Graves, D. (2003) *Writing: Teachers and Children at Work*. Portsmouth: Heinemann.

Graves, D. (1994) *A Fresh Look at Writing*. Portsmouth: Heinemann.

O'Sullivan. O. (2007) *Understanding Spelling*. London: Centre for Literacy in Primary Education.

Smith, F. (1994) *Writing and the Writer*. London: Routledge.

কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নিচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নিচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে গ্রহণ না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রদানের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

চিত্র 2: একেবারে উপরের বাঁ-দিকে: http://theguilletots.blogspot.co.uk; একেবারে উপরে মাঝখানে: এলেন শিফ্রিন (ফ্লিকার-এ)-এর সৌজন্যে; একেবারে উপরে ডানদিকে: http://www.childrens-mathematics.net/gallery_pastgraphics.htm;

নিচে বাঁ-দিকে: সৌজন্যে http://webfronter.com/waltham-forest/stoneydown/menu6/Early_Years_Foundation_Stage/Early_Years_Foundation_Stage_Page.html; নিচে মাঝখানে: http://earlyyearsmaths.e2bn.org/library/; নিচে ডানদিকে: http://montessoriteachings.blogspot.co.uk/।

(Figure 2: top left: http://theguilletots.blogspot.co.uk; top middle: courtesy of Ellen Shifrin (in Flickr); top right: http://www.childrens-mathematics.net/gallery_pastgraphics.htm; bottom left: courtesy of http://webfronter.com/waltham-forest/stoneydown/menu6/Early_Years_Foundation_Stage/Early_Years_Foundation_Stage_Page.html; bottom middle: http://earlyyearsmaths.e2bn.org/library/; bottom right: http://montessoriteachings.blogspot.co.uk/.)

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।